

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
সংসদ ও সমন্বয় শাখা

মার্চ, ২০২৬ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ মোখতার আহমেদ
সচিব
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।

সভার তারিখ : ২৮ এপ্রিল ২০২৬ খ্রিঃ, বেলা ১২:০০ ঘটিকা।

সভার স্থান : মন্ত্রণালয়ের সভা কক্ষ।

অংশগ্রহণকারী : সভায় উপস্থিত সদস্যবৃন্দ- পরিশিষ্ট 'ক'।

সভার শুরুতে অংশগ্রহণকারী সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। গত ৩০ মার্চ ২০২৬ তারিখে অনুষ্ঠিত ফেব্রুয়ারি ২০২৬ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হলে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর, উপসচিব (সংসদ ও সমন্বয় শাখা) সভার আলোচ্যসূচি অনুসারে বাস্তবায়ন অগ্রগতি তুলে ধরেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র/নং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	নির্বাচনী ইশতেহার অনুযায়ী কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন	১.১ নির্বাচনী ইশতেহার অনুযায়ী কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে।	
২.	সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ও পরবর্তী সভার আলোচ্যসূচি প্রেরণ	২.১ সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এবং পরবর্তী সভার আলোচ্যসূচি প্রত্যেক মাসের সমন্বয় সভার কমপক্ষে ০৫ (পাঁচ) কার্যদিবস পূর্বে সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে। উল্লেখ্য, উক্ত সময় অতিক্রম করলে অগ্রগতি প্রতিবেদন গ্রহণ করা হবে না। ২.২ মন্ত্রিপরিষদ বিভাগ হতে জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী ডি-নথির মাধ্যমে ফাইল নিষ্পন্ন করতে হবে। উপযুক্ত কারণ ব্যতীত ডি-নথির মাধ্যমেই সকল নথি নিষ্পত্তি করতে হবে। ২.৩ এপ্রিল ২০২৬ মাসে প্রাপ্ত চিঠিপত্র নিষ্পত্তির (হার্ডনথি ও ডি-নথি) তথ্য প্রেরণ করতে হবে।	ক) অনুবিভাগ প্রধান (সকল) (খ) দপ্তর/সংস্থার প্রধান (সকল)
	GPMS সংক্রান্ত	২.৪ সরকারি কর্মসম্পদান পরিবীক্ষণ পদ্ধতি (GPMS) ২০২৬-২৭ প্রণয়নের লক্ষ্যে তথ্য (Input) নির্ধারিত সময়ের মধ্যে সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে। ২.৫ সরকারি কর্মসম্পদান পরিবীক্ষণ পদ্ধতি (GPMS) ২০২৬-২৭ নির্ধারিত সময়ের মধ্যে প্রণয়ন করতে হবে।	
৩.	ডি-নথির কার্যক্রম	৩.১ এপ্রিল ২০২৬ মাসে ডি-নথির নিষ্পত্তির সংখ্যা ৫৫% এ উন্নীত করতে হবে।	প্রশাসন ও অর্থ অনুবিভাগ
	বাজেট বাস্তবায়ন	৩.২ ২০২৫-২৬ অর্থবছরের বাজেট সূষ্ঠাভাবে ও যথাসময়ে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৩.৩ ২০২৫-২৬ অর্থ বছরের এপ্রিল ২০২৬ পর্যন্ত ব্যয়ের পরিমাণ এবং পূর্ববর্তী অর্থ বছরের একই সময়ে ব্যয়ের তুলনামূলক তথ্য পরবর্তী	

ক্র/নং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		সভায় উপস্থাপন করতে হবে।	
	প্রচার প্রচারণা	৩.৪ টেলিভিশন, সামাজিক মাধ্যমে প্রচারের জন্য টিভিসি ও ওভিসি প্রস্তুত করতে হবে।	
	শ্রম কল্যাণ উইংসমূহের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে পদ সৃজন	৩.৫ মিশনের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে শ্রম কল্যাণ উইংসমূহে পদ সৃজনের বিষয়ে গৃহীত পদক্ষেপের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	
	অডিট আপত্তি নিষ্পন্নকরণ	৩.৬ অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা অর্থবছর অনুযায়ী আলাদাভাবে প্রদান করতে হবে। ৩.৭ অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রি-পক্ষীয় সভার সিদ্ধান্তের অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ৩.৮ অডিট নিষ্পত্তি টিমের গৃহীত কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ৩.৯ বিদ্যমান অডিট আপত্তিসমূহ অবলোপন (write off) করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গঠিত কমিটির গৃহীত কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	
৪.	শ্রম কল্যাণ উইংসমূহের সক্ষমতা বৃদ্ধি ও নতুন কনসুলেট স্থাপন	৪.১ নতুন-নতুন শ্রম কল্যাণ উইং/কনসুলেট খোলার বিষয়ে গৃহীত কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ৪.২ মিশন ও কল্যাণ অনুবিভাগ কর্তৃক এপ্রিল ২০২৬ এ সম্পাদিত গুরুত্বপূর্ণ কাজের বিবরণী পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	মিশন ও কল্যাণ অনুবিভাগ
৫.	শৃঙ্খলা মামলা নিষ্পত্তি	৫.১ অনিষ্পন্ন শৃঙ্খলা মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করে অগ্রগতি জানাতে হবে। মামলার তালিকা, নিষ্পত্তি এবং অনিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে। বিধি মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে শৃঙ্খলা মামলাসমূহ নিষ্পত্তি করতে হবে। ৫.২ দপ্তর সংস্থার প্রশাসন অনুবিভাগ কর্তৃক এপ্রিল ২০২৬ এ সম্পাদিত গুরুত্বপূর্ণ কাজের বিবরণ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	দপ্তর ও সংস্থা অনুবিভাগ
৬.	DIASPORA নীতির অগ্রগতি	৬.১ ডায়াসপোরা নীতি চূড়ান্ত করতে হবে। ৬.২ National Action Plan (NAP) for Implementing the Global Compact for Safe, Orderly and Regular Migration (GCM) in Bangladesh, ২০২৬-২০৩০ নির্ধারিত সময়ের মধ্যে চূড়ান্ত করতে হবে। ৬.৩ আন্তর্জাতিক সংস্থা ও পলিসি অনুবিভাগ কর্তৃক এপ্রিল ২০২৬ এ সম্পাদিত গুরুত্বপূর্ণ কাজের বিবরণ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	আন্তর্জাতিক সংস্থা ও পলিসি অনুবিভাগ/বিএমই টি/ওয়েজ্ঞ আর্নাস কল্যাণ বোর্ড/ বোয়েসেল
৭.	MOU বাস্তবায়ন সংক্রান্ত	৭.১ রাশিয়াসহ অন্যান্য দেশসমূহের MOU/Agreement এর বিষয়ে সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ৭.২ বিভিন্ন দেশের অভিবাসন ব্যয় নির্ধারণ দ্রুত সম্পন্ন করতে হবে। ৭.৩ 'নারী গৃহকর্মী সুরক্ষা সংক্রান্ত গাইডলাইন' প্রণয়নের বিষয়ে গঠিত কমিটির গৃহীত পদক্ষেপ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	কর্মসংস্থান অনুবিভাগ
৮.	অভিযোগ সংক্রান্ত তথ্য	৮.১ মনিটরিং ও এনফোর্সমেন্ট অনুবিভাগে প্রতিবেদনাধীন মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা, প্রতিবেদনাধীন মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা এবং অনিষ্পন্ন অভিযোগের সংখ্যা পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ৮.২ অভিযোগসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে গৃহীত ব্যবস্থা সংক্রান্ত তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ৮.৩ অভিযোগ নিষ্পত্তির তথ্য সংক্ষিপ্ত ছক আকারে ওয়েবসাইটে প্রকাশ	মনিটরিং ও এনফোর্সমেন্ট অনুবিভাগ

ক্র/নং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		করতে হবে।	
		৮.৪ অনিষ্পন্ন অভিযোগসমূহের মধ্যে অধিক গুরুত্বপূর্ণ অভিযোগসমূহ অনুবিভাগ প্রধান, মনিটরিং ও এনফোর্সমেন্ট এবং অবশিষ্ট অভিযোগসমূহ শাখা কর্মকর্তাগণ কর্তৃক দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	
		৮.৫ মনিটরিং ও এনফোর্সমেন্ট অনুবিভাগ কর্তৃক এপ্রিল ২০২৬ এ সম্পাদিত গুরুত্বপূর্ণ কাজের বিবরণ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	
	মেডিকেল সেন্টার সংক্রান্ত	৮.৬ মেডিকেল সেন্টার তালিকাভুক্তি সংক্রান্ত তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	
	রিক্রুটিং এজেন্সির মনিটরিং সংক্রান্ত	৮.৭ রিক্রুটিং এজেন্সির মনিটরিং বিষয়ে গৃহীত কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	
	আইন সংক্রান্ত	৮.৮ আইন সংক্রান্ত তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	
৯.	প্রশিক্ষণ সংক্রান্ত	৯.১ PDO প্রশিক্ষণ ম্যানুয়েল চূড়ান্তকরণ সংক্রান্ত সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ৯.২ Continuous Discharge Certificate (Cadet CDC) বিষয়ে গৃহীত পদক্ষেপের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ৯.৩ প্রশিক্ষণ অনুবিভাগ কর্তৃক এপ্রিল ২০২৬ এ সম্পাদিত গুরুত্বপূর্ণ কাজের বিবরণ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	প্রশিক্ষণ অনুবিভাগ
১০.	উন্নয়ন বাজেট ত্বরান্বিতকরণ	১০.১ পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ কর্তৃক এপ্রিল ২০২৬ এ সম্পাদিত গুরুত্বপূর্ণ কাজের বিবরণ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ
১১.	জব ফেয়ার এর আয়োজন	১১.১ ২০২৫-২৬ অর্থবছরের প্রতিবেদনাধীন মাসে (এপ্রিল ২০২৬) এবং আলোচ্য অর্থবছরে আয়োজনকৃত জব ফেয়ারের মাধ্যমে কতজন অংশগ্রহণকারী চাকুরী পেয়ে বিদেশে গমন করেছে এবং স্থানীয়ভাবে কর্মসংস্থান হয়েছে উভয় তথ্য পৃথক পৃথকভাবে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। ১১.২ কোন টিটিসির মাধ্যমে কতজন চাকুরির নিমিত্ত বিদেশ গমন করেছেন সে তথ্য উপস্থাপন করতে হবে।	
	মনিটরিং কার্যক্রম জোরদারকরণ/নিরাপদ অভিবাসন সংক্রান্ত	১১.৩ অভিবাসন সম্পর্কিত অভিযোগ প্রাপ্তি ও নিষ্পত্তির অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন উপস্থাপন করতে হবে। ১১.৪ সকল কর্মকর্তাকে সম্পৃক্ত করে বিদ্যমান অভিযোগসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে।	জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
	TAKAMOL	১১.৫ TAKAMOL এর সঙ্গে সমন্বয় করে স্কিল টেস্ট অনুষ্ঠানকে আরও ফলপ্রসূ করার লক্ষ্যে বিএমইটি'র অধীন প্রয়োজনীয় সংখ্যক টেস্টিং ও ট্রেনিং সেন্টার প্রস্তুতের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	
১২.	প্রবাসী অভ্যর্থনা ডেস্ক সংক্রান্ত	১২.১ এপ্রিল ২০২৬ মাসে প্রবাসী অভ্যর্থনা ডেস্কে কয়টি অভিযোগ পাওয়া গেছে এবং কয়টি নিষ্পত্তি হয়েছে এ সংক্রান্ত তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	
	মৃতদেহের ক্ষতিপূরণ প্রাপ্তি সহজীকরণ	১২.২ মৃত ব্যক্তির পরিবারকে আর্থিক অনুদান প্রদানের বিষয়ে প্রাপ্ত আবেদন সংখ্যা, নিষ্পত্তিকৃত আবেদনের সংখ্যা এবং অনিষ্পন্ন আবেদনের সংখ্যা, কতদিন ধরে অনিষ্পন্ন রয়েছে, কী কারণে অনিষ্পন্ন রয়েছে এ সংক্রান্ত প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ড

ক্র/নং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		১২.৩ জীবন বীমার ক্ষতিপূরণ বিষয়ে প্রাপ্ত আবেদন সংখ্যা, নিষ্পত্তিকৃত আবেদনের সংখ্যা এবং অনিষ্পন্ন আবেদনের সংখ্যা, কতদিন ধরে অনিষ্পন্ন রয়েছে, কী কারণে অনিষ্পন্ন রয়েছে এ সংক্রান্ত প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	
	জুলাই ২০২৪ গণঅভ্যুত্থানে ক্ষতিগ্রস্তদের সহযোগিতা	১২.৪ জুলাই ২০২৪ গণঅভ্যুত্থানের কারণে সংযুক্ত আরব আমিরাত হতে জেল-ফেরত ক্ষতিগ্রস্ত প্রবাসীদের বিষয়ে উপদেষ্টা কমিটি কর্তৃক প্রদত্ত সুপারিশের সর্বশেষ বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	
১৩.	বিভিন্ন দেশে কর্মী প্রেরণ ও নিরাপদ অভিবাসন সংক্রান্ত	১৩.১ বোয়েসেল কর্তৃক বিভিন্ন দেশে ২০২৫-২৬ অর্থ বছরে প্রেরিত কর্মীর সংখ্যাসহ প্রতিবেদনাধীন মাসে (এপ্রিল ২০২৬) কর্মী প্রেরণের বিষয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে। ১৩.২ মালয়েশিয়ায় কর্মী প্রেরণ সংক্রান্ত সর্বশেষ তথ্য পরবর্তী সভায় অবগত করতে হবে।	বোয়েসেল
১৪.	ঋণ বিতরণ কার্যক্রম	১৪.১ এপ্রিল ২০২৬ মাসে কতজনকে কোন কোন খাতে কী পরিমাণ ঋণ দেয়া হয়েছে সে সংক্রান্ত প্রতিবেদন সভায় উপস্থাপন করতে হবে। ১৪.২ এপ্রিল ২০২৬ মাসে আহরিত রেমিট্যান্সের পরিমাণ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ১৪.৩ Islamic Window খোলার বিষয়ে গৃহীত পদক্ষেপের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	প্রবাসী কল্যাণ ব্যাংক
১৫.	বিবিধ	১৫.১ জেলা প্রশাসক সম্মেলনের স্বল্পমেয়াদী, মধ্যমেয়াদী ও দীর্ঘমেয়াদী সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়ন করে অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের সংসদ ও সমন্বয় শাখায় আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে। ১৫.২ অত্র মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহে অগ্নি-নিরাপত্তা নিশ্চিতকরণের উদ্দেশ্যে ফায়ার-ড্রিল আয়োজনসহ অবকাঠামোগত সংস্কার ও আনুষঙ্গিক নিরাপত্তা উপকরণের ব্যবহার উপযোগিতা নিয়মিত পরীক্ষা করতে হবে। ১৫.৩ অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থাপনা (GRS) থেকে প্রাপ্ত অভিযোগসমূহ স্ব-স্ব দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দ্রুততার সাথে নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে। ১৫.৪ মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী সকল পর্যায়ের বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে কৃচ্ছতাসাধনের উদ্যোগ গ্রহণ করতে হবে। দাপ্তরিক কাজে shared transport ব্যবহার, অনাবশ্যক বৈদ্যুতিক বাতি জ্বালানো পরিহার, শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াসে সীমিতকরণ, গাড়িতে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের ব্যবহার সীমিতকরণ এবং সরকারি কার্যক্রমে অপ্রয়োজনীয় প্রটোকল পরিহার করতে হবে। বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে কৃচ্ছতাসাধনের বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	সকল অনুবিভাগ প্রধান ও দপ্তর- সংস্থা প্রধান

০২। পরিশেষে, অভিবাসন ব্যবস্থাপনায় সুশাসন আরও গতিশীল করার লক্ষ্যে সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে সকলকে আরও দায়িত্বশীল ভূমিকা পালনের আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৪/০৬/২০২৪
(মোঃ মোখতার আহমেদ)
সচিব